# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 14 May, 2025

আশুলিয়ায় নিখোঁজের ১২ ঘন্টা পর একটি পুকুর থেকে নিহত লিমন হোসেন ও মানিক হোসেন নামের দুই শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।গতকাল রাত থেকে নিখোঁজ ছিল শিশু দুটি।সকালে ট্রিপল নাইনে কল আসলে বাইপাইল বিএনসিসির পেছনের একটি পুকুরে থেকে মরদেহগুলো উদ্ধার করে আশুলিয়া থানা পুলিশ।

নিহত এগারো বছর বয়সী লিমন হোসেন পাবনা জেলার আমিনপুর থানার রতন মিয়ার ছেলে এবং আট বছর বয়সী  মানিক হোসেন জামালপুর জেলার মাদারগঞ্জ থানারর জিয়াউল হোসেনের ছেলে।তারা বাইপাইল এলাকায় পরিবারের সাথে ভাড়া বাসায় থেকে স্থানীয় একটি মাদ্রাসায় পড়াশোনা করতো।

পুলিশ জানায়, স্থানীয়দের সংবাদের ভিত্তিতে মরদেহ দুটি উদ্ধার করা হয়েছে।ময়ণাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর প্রকৃত কারন জানা যাবে।

আশুলিয়া নিহত পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:58

URL: https://timestodaybd.com/across-the-country/3211972454